



স্মারক নং-৩২.০১.০০০০.০০৮.১২৫.২০. ১০৬৬

তারিখঃ ১৩/১০/২০২০

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২০২২ চক্রে ভিজিডি প্রত্যাশি মহিলাদের আবেদন গ্রহণ ও নির্বাচন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভিজিডি কর্মসূচির ২০২১-২০২২ চক্রে ০১ জানুয়ারী ২০২১ হতে শুরু হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট পরিপত্র www.dwa.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে এবং অনলাইনে আবেদন গ্রহণ শুরু হয়েছে। আবেদন গ্রহণ ও উপকারভোগী নির্বাচনে নিম্নরূপ নির্দেশনা অনুসরণের জন্য আদেশক্রমে নির্দেশ দেয়া হলো।

১. ২০২১-২০২২ চক্রে উপকারভোগী নির্বাচনের পরিপত্র যথাযথভাবে অনুসরণপূর্বক উপকারভোগী নির্বাচন করতে হবে।
২. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে সমন্বয় করে আবেদনের বিষয়, তারিখ ও স্থান উল্লেখপূর্বক গ্রাম পর্যায়ে মাইকিং করতে হবে।
৩. ভিজিডি শাখা হতে সরবরাহকৃত লিফলেট ভিজিডি এনজিওর মাধ্যমে গ্রাম/পাড়া/বাজার/ইউনিয়ন পরিষদের দর্শনীয় স্থানে/দেয়ালে আঠা দিয়ে পরপর (৫-১০টি) লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে (প্রয়োজনে বহল প্রচারের জন্য জামে মসজিদে প্রেরণ করা যেতে পারে)।
৪. লিফলেটে বর্ণিত তথ্যের ভিত্তিতে উপজেলার প্রবেশদ্বারে/দর্শনীয় স্থানে একটি ১০/৪ ফুটের ব্যানার লাগাতে হবে।
৫. বিশ্বখ্যাত কর্মসূচির সহায়তায় ভিজিডি উপকারভোগী নির্বাচন সংক্রান্ত একটি ভিডিও প্রস্তুত করা হয়েছে। ভিডিওটি চলমান উপকারভোগীদের প্রশিক্ষণে এনজিওদের মাধ্যমে প্রদর্শন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে (ভিডিওটি www.dwa.gov.bd ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে) এবং উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনক্রমে স্থানীয় ক্যাবল নেটওয়ার্কে বিনামূল্যে প্রচারের ব্যবস্থা কর যেতে পারে।
৬. ৩০ অক্টোবর ২০২০ এর মধ্যে ভিজিডি প্রত্যাশি মহিলাদের প্রাথমিক আবেদন গ্রহণ করতে হবে।
৭. পরিপত্র/লিফলেট অনুসরণে ভিজিডি প্রত্যাশি মহিলাদের আবেদন সম্পূর্ণ অনলাইনে গ্রহণ করতে হবে। অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা যাবে না।
৮. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার, তথ্য আপা প্রকল্পের উপজেলার কর্মকর্তা/কর্মী এবং ভিজিডি ওয়ার্ড কমিটির সমন্বয়ে নির্দিষ্ট সময়, তারিখ ও স্থান নির্ধারণপূর্বক স্বাস্থ্যবিধি মেনে ওয়ার্ড ভিত্তিক ভিজিডি আবেদনকারীদের হাজির করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. নির্ধারিত সময়, তারিখ ও স্থানে তথ্য আপার কর্মকর্তা/কর্মী কর্তৃক প্রয়োজনীয় উপকরণসহ (ল্যাপটপ ও ইন্টারনেট সংযোগ) www.dwavgd.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদন গ্রহণ করার লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা করতে হবে। প্রয়োজনে ভিজিডি এনজিওদের সহায়তা গ্রহণ করা যেতে পারে।
১০. ইউডিসি/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে কোন ভিজিডি প্রত্যাশি মহিলা ছবি, জাতীয় পরিচয়পত্র বা আবেদনের কোন প্রকার হার্ড কপি নিয়ে আসলে অনলাইনে আবেদন করার বিষয়ে তাকে প্রয়োজনীয় সহায়তা করতে হবে। কোন ভাবেই হার্ড কপি গ্রহণ/সংরক্ষণ করা যাবে না (a2i এর একসেবার মাধ্যমে এবং ৩৩৩ নম্বরেও আবেদন গ্রহণ করা যাবে)।
১১. আবেদন যাচাইয়ের পর পরিপত্র অনুযায়ী ইউনিয়ন ভিজিডি কমিটি কর্তৃক সর্বোচ্চ নম্বরধারীগণকে চূড়ান্ত নির্বাচনের লক্ষ্যে সুপারিশ করবে। এমআইএস আপডেটের জন্য আইডি পাসওয়ার্ড পরিবর্তন হয়েছে। ইউনিয়ন আইডি ও পাসওয়ার্ড ইউপি চেয়ারম্যানকে অবহিত করতে হবে। (আইডি-ইউনিয়নের নাম, উপজেলার নাম এবং পাস ওয়ার্ড- ইউনিয়নের নাম)। উদাহরণ: ID: mirzapur.shoylokupa এবং Pass: mirzapur)
১২. ইউনিয়ন হতে সুপারিশকৃত তালিকা www.dwavgd.gov.bd ওয়েব সাইট হতে প্রিন্ট করে চূড়ান্ত নির্বাচনের জন্য উপজেলা ভিজিডি কমিটির সভায় উপস্থাপন করতে হবে। উপজেলার আইডি-উপজেলার নাম, জেলার নাম এবং পাসওয়ার্ড উপজেলার নাম। উদাহরণ: ID: shoylokupa.Jhenaidah এবং Pass: shoylokupa।
১৩. পরিপত্রের ১.০ এর (৬) অনুযায়ী ২০২১-২০২২ চক্রে ভিজিডি উপকারভোগী নির্বাচন করতে হবে।
১৪. উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর তালিকা www.dwavgd.gov.bd ওয়েব সাইট হতে প্রিন্ট করে উপজেলা ভিজিডি কমিটির স্বাক্ষর গ্রহণ করতে হবে।
১৫. উপকারভোগী নির্বাচন, যাচাই-বাছাই, প্রদর্শন ও কার্ড বিতরণ ইত্যাদি সকল কার্যক্রম পরিপত্র অনুযায়ী যথা সময়ে সম্পন্ন করতে হবে।

উপপরিচালক (সকল জেলা)

মহিলা বিষয়ক অধিদপ্তর

(উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসারকে অবহিত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব এর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। উপপরিচালক, প্রশাসন, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, ভিজিডি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার,উপজেলা.....জেলা।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Rozee
13.10.2020
(হাওলাদার মোঃ রকিবুল বারী)
পরিচালক (যুগ্ম-সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৫৮৩১০৬২৯